

বরাবরে,

চেয়ারম্যান মহোদয়,  
৭ নং ফাইতং ইউনিয়ন পরিষদ,  
লামা, বান্দরবান পার্বত্য জেলা।

**বিষয়:** একজন স্থানীয় সার্ভেয়ার নিয়োগ করতঃ আমার ক্রয়কৃত ও বসত বাড়ি নিয়ে দীর্ঘদিনের ভোগ দখলীয় নিম্নে তফশীলের ভূমি পরিমাপ পরিচিহিত করে দেওয়ার জন্য আবেদন প্রসঙ্গে।

**আবেদনকারী:** মোঃ হৈয়দ নুর, পিতা- মৃত ঠাঙা মিয়া, সাং- পাগলী পাড়া, ওয়ার্ড নং- ০৯, ৩০৬নং ফাইতং মৌজা, উপজেলা- লামা, বান্দরবান পার্বত্য জেলা।

**বিবাদীগণ:**

- ১। মোঃ আবদুল মজিদ মানিক,
- ২। মোঃ আবদুল হামিদ,
- ৩। মোঃ আবদুল জলিল,
- ৪। মোঃ এখলাছ উদ্দিন রিয়াজ,
- ৫। মোঃ সিরাজুল ইসলাম,
- সর্বপিতা- নুরুল আমিন, সর্বসাং- পাগলী পাড়া, ওয়ার্ড নং- ০৯, ফাইতং ইউপি,  
উপজেলা- লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ৬। মাষ্টার মনিরুল ইসলাম, পিতা- মৃত মোজাহের আহাম্মদ,  
সাং- মানিকপুর, সুরাজপুর-মানিকপুর ইউপি, উপজেলা- চকরিয়া, জেলা- কক্সবাজার।

**জনাব,**

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, অদ্য আমি আপনার আদালতে হাজির হইয়া এই মর্মে অভিযোগ দায়ের করিতেছি যে, আমি আবেদনকারী দেশের আইনের প্রতি শ্রদ্ধাশীল ও শান্তিপ্রিয় নাগরিক হই। পক্ষান্তরে, উল্লেখিত বিবাদীগণ আইন অমান্যকারী, সন্ত্রাসী, পরধন লোভী ও দাঙ্গা-হাঙ্গামা প্রকৃতির লোকজন হয়। অত্র ৩০৬নং ফাইতং মৌজায় আখোয়াইমং মগ, পিতা- চাইশ্রাঅং মগ এর নামীয় খতিয়ান নং- ১৭ এর আন্দর ৪.০০ (চার) একর ২য় শ্রেণীর জমি তৌজিভুক্ত আছে। তথা হইতে রেজিস্ট্রার্ড বায়না নামা দলিল নং- ২০৭/২০০০, তারিখ- ০৩/০৫/২০০০ইং মূলে আমি আবেদনকারী মূল মালিকের নিকট হইতে ৩.৮০ (তিন একর আশি শতক) একর ২য় শ্রেণীর জমি ক্রয় করি। উক্ত জমি ক্রয়পরবর্তী হইতে আমি আবেদনকারী বিভিন্ন প্রকার ফলজ ও বনজ বৃক্ষের বাগান সৃজন পূর্বক বসত বাড়ি নির্মাণ করিয়া শান্তিপূর্ণভাবে ভোগ দখলে স্থিত আছি। বিবাদীগণের ভূমি আমার ক্রয়কৃত ও দীর্ঘদিনের ভোগ দখলীয় জমির পাশ্ববর্তী জমি হয়। বিবাদীগণ প্রতারণার আশ্রয় গ্রহণ করতঃ বিভিন্ন সময় সীমানা লঙ্ঘন পূর্বক আমার ক্রয়কৃত ও দীর্ঘদিনের ভোগ দখলীয় জমি জবর দখলের অপচেষ্টা চলাইয়া আসিতেছে। বিবাদীগণকে আমি আমার ক্রয়কৃত ও দীর্ঘদিনের ভোগ দখলীয় জমি অবৈধ জবর দখলের অপচেষ্টার বিরুদ্ধে বাধা প্রদান করিলে বিবাদীগণ আমাকে প্রকাশ্যে মারধরসহ নানা হুমকি প্রদর্শন করিতে থাকে। এইরূপ অবস্থা চলতে থাকলে পক্ষদ্বয়ের মধ্যে যেকোন সময় মারধরসহ বা রক্তক্ষয়ী সংঘর্ষ হওয়ার সম্ভবনা রহিয়াছে। এমতাবস্থায়, একজন স্থানীয় সার্ভেয়ার নিয়োগ করতঃ আমার ক্রয়কৃত ও দীর্ঘদিনের ভোগ দখলীয় নিম্নে তফশীলের ভূমি সীমানা পরিমাপ পরিচিহিত করিয়া বিরোধ নিষ্পত্তি করিয়া দেওয়ার জন্য অদ্য হুজুর আদালতে অভিযোগ দায়ের করিলাম।

অতএব, মহোদয় ন্যায় বিচারের স্বার্থে বিবাদীগণকে সমনজারী পূর্বক এবং একজন স্থানীয় সার্ভেয়ার নিয়োগ করতঃ সীমানা বিরোধ নিষ্পত্তি করিতে মহোদয়ের একান্ত মর্জি হউক।

**তফশীল:**

- ৩০৬নং ফাইতং মৌজা, উপজেলা- লামা, বান্দরবান পার্বত্য জেলা।  
খতিয়ান নং- ১৭, হালি জরিপের দাগ নং- ২৫৩৭ এর আন্দর ৩.৮০ একর জমি মাত্র।

**সংযুক্তি:**

১. খতিয়ান নং- ১৭ এর ফটোকপি ১ ফর্দ।
২. রেজিস্ট্রার্ড বায়না নামা দলিল নং- ২০৭/২০০০ এর ফটোকপি ৩ ফর্দ।

তারিখঃ ২৫/০২/২০১৮ইং

বিনীত নিবেদক